দৈনিক বাংলা

তারিখ ... ৭।৮।৭৯ ... ... ...
পৃষ্ঠা ... ... ১ ... কলাম ৬ ... ... ...

075

# রাজশাহী বোর্ডের এসএসসি পরীক্ষার ফল : পাশের হার ৬৫.৫৪

রাজশাহী, ৬ই আগস্ট (বাসস)। —রাজশাহী শিক্ষা বোর্ডের এ বছরের এসএসসি পরীক্ষার ফল ঘোষণা করা হয়েছে।

মোট ৪২ হাজার ২২ জন পরীক্ষার্থীর মধ্যে ২৭ হাজার ৮৯৫ জন উত্তীর্ণ হয়েছেন। পাসের হার শতকরা ৬৫ দশমিক ৫৪। প্রথম বিভাগে ১৮৬৯ জন দ্বিতীয় বিভাগে ১ হাজার ৭১০ জন এবং তৃতীয় বিভাগে ১৫ হাজার ৩১৬ জন পাস করেছেন।

রাজশাহী ক্যাডেট কলেজের ছাত্র সাইফুর রহমান (রোল সারদা ৪৪) সম্মিলিত মেধা তালিকায় শীর্ষ স্থান অধিকার করেছেন। একই কলেজের মোহাম্মদ জহাংগীর আলম (সারদা ৪৫) দ্বিতীয় এবং মোহাম্মদ জাভেদ ইকবাল খান (সারদা ৪৮) তৃতীয় হয়েছেন।

মেয়েদের সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছেন রাজশাহী গবং গার্লস হাইস্কুলের ছাত্রী জেবুন্নেসা (রাজশাহী এম-১৩০৪)।